

জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাস করা ২৮% বেকার

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে বেকারত্বের হার ২৮ দশমিক ২৪। আর বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে বেশির ভাগ স্বল্প বেতনের চাকরি করেন। একই সঙ্গে নারী ও গ্রামের শিক্ষার্থীদের মধ্য বেকারের সংখ্যা বেশি।

বিআইডিএসের গবেষণা

গতকাল সোমবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত বার্ষিক উন্নয়ন সম্মেলনের তৃতীয় দিনে এসব তথ্য

তুলে ধরা হয়। কলেজ গ্র্যাজুয়েটদের মধ্যে বেকারত্ব নিয়ে এ গবেষণা তুলে ধরেন বিআইডিএসের রিসার্চ পরিচালক এসএম জুলফিকার আলী।

দেশে সরকারি-বেসরকারি মিলিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৬০৮টি কলেজ। এর মধ্যে ৬১টি কলেজে গবেষণা পরিচালনা করেছে বিআইডিএস। এ ছাড়া বিশ্ববিদ্যালয় থেকে ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ১

জাতীয় বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর) পাস করা ১ হাজার ৩৪০ জন ও বর্তমানে অধ্যয়নরত ৬৭০ শিক্ষার্থী, অধ্যক্ষ ৬১ জন এবং চাকরিদাতা ১০০ জন এই গবেষণায় অংশ নেন।

গবেষণায় আরও বলা হয়, বিশ্ববিদ্যালয়টি থেকে সমাজবিজ্ঞান, মানবিক ও ব্যবসা শিক্ষায় শিক্ষার্থীরা বেশি পাস করে। অর্থাৎ, বিজ্ঞানভিত্তিক বিষয় থেকে স্নাতক পাসের কম ৩ দশমিক ৮২ শতাংশ এবং স্নাতকোত্তরে ৩ দশমিক ১০ শতাংশ। অন্যদিকে সবচেয়ে বেশি ব্যবসায় শিক্ষা থেকে স্নাতক করেন ৪৪ দশমিক ২৬ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজ থেকে পাস করা শিক্ষার্থীদের ৪২ দশমিক ২৯ শতাংশ চাকরি করেন এবং উদ্যোক্তা ১৬ দশমিক ২৪ শতাংশ।

গবেষণায় বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা বেকারদের মধ্যে নারী বেশি এবং এ সংখ্যা গ্রামের দিকে বেশি। সাধারণ শিক্ষাব্যবস্থা থেকে যারা এসএসসি পাস করে এসে গ্র্যাজুয়েশন শেষ করেছেন, তাদের মধ্যে বেকারত্ব বেশি। কারিগরি ও দাখিল পাস করে আসা শিক্ষার্থীদের মধ্যে বেকারত্ব কম। বিএ (পাস কোর্স), পলিটিক্যাল সায়েন্স, লাইব্রেরি ম্যানেজমেন্ট, বাংলা ও ইসলামিক হিস্ট্রি অ্যান্ড কালচার বিষয় থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে বেকার বেশি। এদিকে ইংরেজি, অর্থনীতি, অ্যাকাউন্টিং, সোসিওলজি ও ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিংয়ে কম। পাস করা শিক্ষার্থীদের মধ্যে প্রায় ৩৬ শতাংশ শিক্ষকতা পেশায় যুক্ত। এরপর পেশা হিসেবে আছে অফিসার বা অ্যাসিস্ট্যান্ট অফিসারের পদ। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের ৪৩ দশমিক ১৩ শতাংশ সরকারি চাকরি করতে চান।